



পায়রা বন্দর কর্তৃপক্ষ

আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-০৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০।

www.ppa.gov.bd

E-mail: payraport@ppa.gov.bd, Fax: 02-9349175

বিষয়ঃ ঘূর্ণিঝড় “বুলবুল” মোকাবেলায় পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ০৯.১১.২০১৯
ইং তারিখ শনিবার বেলা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

-:উপস্থিতি:-

- ১। কমডোর এম জাহাঙ্গীর আলম, (ই), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন- চেয়ারম্যান
- ২। মহিউদ্দিন আহমেদ খান, যুগ্মসচিব, পরিচালক (প্রশাসন)
- ৩। ক্যাপ্টেন এম মুনিরুজ্জামান, (ই), বিএন- প্রকল্প পরিচালক, DISF প্রকল্প।
- ৪। ক্যাপ্টেন এস.এম শরিফুর রহমান- ডক মাস্টার
- ৫। লে: কমান্ডার কায়সার মাহামুদ, ডিপিডি, DISF প্রকল্প।
- ৬। আজিজুর রহমান- উপ-পরিচালক (ট্রাফিক)
- ৭। মোস্তফা আশিক আলী- নির্বাহী প্রকৌশলী (জেটি)
- ৮। আজিজুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন)

আলোচনা :

সভায় ঘূর্ণিঝড় “বুলবুল” মোকাবেলায় পায়রা বন্দর কর্তৃপক্ষের গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিস্তারিত আলোচনা হয়। আলোচনার প্রারম্ভে পরিচালক(প্রশাসন)/পাবক বলেন যে ঘূর্ণিঝড় “বুলবুল” এর পূর্বাভাস পাওয়া মাত্রই পাবকের পত্র নং- ১৮.২১.৭৮৬৬.০০১.১৮.১১৯.১৮/১১৪২ (ক); তারিখ: ০৭/১১/২০১৯ খ্রি: অফিস আদেশ করে সকল কর্মকর্তা/কর্মচারীগণের ছুটি বাতিলপূর্বক পায়রা বন্দর কর্তৃপক্ষের করণীয় বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়সহ পায়রা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করা হয়।

বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে ঘূর্ণিঝড় “বুলবুল” মোকাবেলায় পাবক কর্তৃক নিম্নে প্রদত্ত গৃহীত প্রস্তুতি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (১) বন্দরের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা দেয়া হয়েছে।
- (২) পায়রা বন্দরের স্থায়ী কার্যালয় ও ঢাকাস্থ অস্থায়ী কার্যালয়ে কন্ট্রোলরুম চালু করা হয়েছে।

পটুয়াখালীস্থ কার্যালয়ঃ

ক্র. নং	কর্মকর্তার নাম	পদবী	মোবাইল নম্বর	মন্তব্য
১.	কমডোর জাকিরুল ইসলাম, বিএন।	সদস্য (প্রকৌশল ও উন্নয়ন)	০১৭৬৯-৭৬০৬৮৬	
২.	কমান্ডার এম. রফিউল হাসাইন, বিএন (অবঃ)	সদস্য (প্রশাসন ও অর্থ)	০১৭১৪-২৯৬৭৫৯	
৩.	মোহাম্মদ সাইফুল ইসলাম ভূঁইয়া	পাইলট	০১৯১৫-৬৩৩২৩৪	

ঢাকাস্থ কার্যালয়ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	মোবাইল নম্বর	মন্তব্য
১.	মহিউদ্দিন আহমেদ খান	পরিচালক(প্রশাসন)	০১৮২৩-৩১০০৪৮	
২.	ক্যাপ্টেন এম মুনিরুজ্জামান	প্রকল্প পরিচালক (ডিআইএসএফ প্রকল্প)	০১৯২৩-৬০৩০৪১	
৩.	ক্যাপ্টেন শরিফুর রহমান	ডক মাস্টার	০১৯২৭-০৩০২২০	

- (২) পোর্ট হ্যাভেলিং ইকুইপমেন্টগুলো নিরাপদ স্থানে রাখা হয়েছে। মোবাইল হারবার ক্রেন সর্বোচ্চ সতর্কতার সহিত Secure করা হয়েছে।
- (৩) BIWTA এর Tugboat বরিশালে প্রেরণ করা হয়েছে।
- (৪) পায়রা বন্দরের মাল্টিপারপাস ও স্টাফ ডরমেটরী ভবনে আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে ও ভবনে স্থানীয় লোকজনের আশ্রয় নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- (৫) জেনারেটর সমূহ চালনার জন্য যথেষ্ট পরিমাণ জ্বালানী মজুদ রাখা হয়েছে।
- (৬) পর্যাপ্ত পরিমাণ নিরাপদ পানি মজুদ রাখা হয়েছে।
- (৭) সকল প্রকার Loose Item Secure করা হয়েছে।
- (৮) প্রশাসনিক ভবন, নিরাপত্তা ভবন, স্টোর ভবন, মাল্টিপারপাস ভবনসহ অন্যান্য ভবনের আসবাবপত্র এবং প্রয়োজনীয় সকল নথিপত্র নিরাপদ স্থানে রাখা হয়েছে।
- (৯) দুর্ঘটনাকালীন ও দুর্ঘটনাপরবর্তী সময়ের জন্য পর্যাপ্ত শুকনো খাবারের ব্যবস্থা রাখা হয়েছে।
- (১০) DISF প্রকল্পের আওতায় বিভিন্ন শিপইয়ার্ডে নির্মাণাধীন জাহাজসমূহের ক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থাসহ অতিরিক্ত মুরিং রোপ দ্বারা Secure করা হয়েছে।
- (১১) বিদ্যুৎ বিস্রাট হলে পাবকের Standby জেনারেটর চালু রাখার ব্যবস্থা করা হবে।
- (১২) পন্টুন গুলোর নিরাপত্তার বিষয়ে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- (১৩) পাবকের আউটার এ্যাংকরিং চ্যানেলে কোন জাহাজ নেই।
- (১৪) পটুয়াখালীস্থ কার্যালয়ে সার্বক্ষণিকভাবে ওয়াকিটকির মাধ্যমে এবং ঢাকা কার্যালয়ের সাথে মোবাইল অথবা ইন্টারনেট ই-মেইলের মাধ্যমে যোগাযোগ চালু রাখতে হবে।
- (১৫) পাবকের সার্ভিস বোট এবং সার্ভে বোট কলাপাড়াছ একটি খালে নিরাপদে মুরিং করা হয়েছে।

পায়রা বন্দরের স্টেকহোল্ডারদের (Jan De Nul) প্রস্তুতিঃ

- (১) ৪টি ড্রেজার ও ১ট একোমোডেশন বোট নিরাপত্তার কারণে গভীর সমুদ্রে গমন করেছে।
- (২) ২টি সার্ভে বোট, ২টি টাগ বোট ও ১টি পন্টুন পায়রা বন্দর এলাকা থেকে দুরবর্তী নিরাপদ স্থানে অবস্থান নিয়েছে।

৩। সভায় উপস্থিত কর্মকর্তাগণ ঘূর্ণিঝড় “বুলবুল” মোকাবেলায় পাবক কর্তৃক গৃহীত প্রস্তুতির বিষয়ে একমত পোষণ করেন। সংযুক্ত ডিউটি রোস্টার মোতাবেক উভয় কন্ট্রোল রুম পরিচালনা করতে হবে। উদ্ভূত যে কোন পরিস্থিতিতে পায়রা বন্দর কর্তৃপক্ষের উভয় কন্ট্রোলরুমদ্বয়ে প্রয়োজনীয় অংশগ্রহণের জন্য সার্বক্ষণিকভাবে সকলকে প্রস্তুত থাকার জন্য আহ্বান জানান। আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সংযুক্তিঃ ডিউটি রোস্টার- ০২ (দুই) পাতা।

স্বাক্ষরিত/-

এম জাহাঙ্গীর আলম
কমডোর বিএন
চেয়ারম্যান

নথি নং-১৮.২১.৭৮৬৬.০০১.৯৯.০৯৬.১৮/২০৪৬

তারিখ: ০৯-১১-২০১৯ খ্রি:


মহিউদ্দিন আহমেদ খান
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ

১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। অফিস কপি।